

কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
Cox's Bazar Palli Bidyut Samity

জেনারেল ম্যানেজারের কার্যালয়
ঝিলংজা, কক্সবাজার।

web: www.pbs.coxsbazar.gov.bd, e-mail: coxspbs@yahoo.com, Phone: 880-341-63997/64022

স্মারক নং-২৭.১২.২২২৪.৫৪৩.০১.০৩৮.২৩.৬৬৪০

তারিখ : ১০ কার্তিক' ১৪৩০ বাংলা
২৬ অক্টোবর' ২০২৩খ্রিঃ

কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে পুন: দরপত্র আহ্বান প্রসঙ্গে।

কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় লেজার প্রিন্টারের টোনার ক্রেতার লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত আমদানীকারক/ডিলার/সরবরাহকারী/টিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃনং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	HP Laser Jet M401d Toner (80A) (EURO/Asta/Challenger)	০৫ টি		
০২	HP Laser Jet M 402d Toner (26A) (EURO/Asta/Challenger)	১৫ টি		
০৩	HP Laser Jet 2035 Toner (05A) (EURO/Asta/Challenger)	৫৫ টি		
০৪	HP Laser Jet 1102 Toner (85A) (EURO/Asta/Challenger)	২৮ টি		
০৫	HP Laser Jet M 404dn Toner (76A) চীপ সহ (EURO/Asta/Challenger)	২০ টি		
কথায়ঃ				

দরপত্র গ্রহন, খোলার স্থান এবং সময় সূচি

দরপত্র গ্রহন ও খোলার স্থান	সময়সূচি
ক) সদর দপ্তর, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, ঝিলংজা, কক্সবাজার।	দরপত্র গ্রহনের সময় : ০২-১১-২০২৩খ্রিঃ রোজ বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত।
খ) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঝিলক্ষেত, ঢাকা।	দরপত্র খোলার সময় : ০২-১১-২০২৩খ্রিঃ রোজ বৃহস্পতিবার দুপুর ১২:০৫ ঘটিকা।


শর্তাবলী:-

- ০১। আগ্রহী দরদাতাগণ উপরে বর্ণিত সময়সীমার মধ্যে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহন করা হবে না। দাখিলকৃত দরপত্র সমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী নির্ধারিত স্থানে দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্র খামের উপর "লেজার প্রিন্টারের টোনার সরবরাহের দরপত্র" কথাটি স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- ০৩। উল্লেখিত ব্রান্ড ব্যতিত অন্য কোন ব্রান্ডের টোনারের দর দাখিল করা হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৪। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- ০৫। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ (ক) বৈধ ট্রেড লাইসেন্স (খ) ভ্যাট রেজিস্ট্রেশন (গ) ব্যাংক সলভেন্সী ও (ঘ) আয়কর সনদ এর কাগজপত্র প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৬। সফল দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে মালামাল নিজ খরচে কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে পৌঁছাতে হবে। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তিমূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশের মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ০৭। মালামাল সমূহ উপরে বর্ণিত স্পেসিফিকেশন মোতাবেক হতে হবে। মালামাল সরবরাহের পর সমিতি কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে গুণগতমান যাচাই করা হবে। সরবরাহকৃত মালামালের গুণগতমান সন্তোষজনক না হলে সমিতি কর্তৃক কোন ক্রেতাই মালামাল গ্রহণ করা হবে না।

৭

৬২০


- ০৮। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে কক্সবাজার পবিস কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৯। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয় কর কর্তন করা হবে।
- ১০। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কক্সবাজার পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১১। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।



(প্রকৌশলী গোলাম আহম্মদ)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

- ০১। পরিচালক পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে দরপত্র গ্রহণের সদয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইট-এ দরপত্র প্রকাশের নিমিত্তে অনুরোধসহ)।
- ০৩। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ০৪। পুলিশ সুপার, কক্সবাজার।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌঃ, এলজিইডি/সড়ক ও জনপথ কার্যালয়, কক্সবাজার।
- ০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, কক্সবাজার।
- ০৮। ডিজিএম, মহেশখালী জোনাল অফিস, কক্সবাজার পবিস।
- ০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার।
- ১০। এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব/প্রশাসন), কক্সবাজার পবিস।
- ১১। এজিএম (আইটি-১/২), কক্সবাজার পবিস, (বিজ্ঞপ্তি কক্সবাজার পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)।
- ১২। মেসার্স
- ১৩। নোটিশ বোর্ড, কক্সবাজার পবিস/ওয়েব সাইট: www.pbs.coxsbazar.gov.bd
- ১৪। অফিস কপি/মাষ্টার ফাইল।



(প্রকৌশলী গোলাম আহম্মদ)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

